

কোস্ট ট্রাস্ট, প্রধান কার্যালয়, ঢাকা। তারিখ: ৮ জানুয়ারি, ২০১৮।

প্রতি : নোটিশ বোর্ডের মাধ্যমে সকল সহকর্মী

হতে : পরিচালক

বিষয় : নিয়োগ ফি বর্ধিতকরণ এবং চাকুরির প্রথম ছয় মাসের জন্য শিক্ষাগত যোগ্যতার সনদসমূহ সংস্থায় জমাদান প্রসঙ্গে।

প্রিয় সহকর্মীবন্দ,

- আপনাদের সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বেশ কিছু দিন ধরে আমরা লক্ষ্য করছি-সংস্থার বিভিন্ন ডোনার প্রজেক্ট এবং কোর প্রোগ্রামের বিভিন্ন পদে প্রার্থী নিয়োগ দেওয়ার পর তারা ১৫০০ টাকার জমা দিয়ে প্রাথমিক সিলেকশন পত্র গ্রহণ করার পর অনেকেই সংস্থায় যোগদান করছেন না।
- কিন্তু এটা সকলেই জানেন যে, একটি নিয়োগ প্রক্রিয়ার শুরু থেকে শেষ পর্যন্ত সম্পন্ন করা সংস্থার জন্য বেশ ব্যয়বহুল (অর্থ, সময় ও লোকবল লাগে)। এমতাবস্থায় ব্যবস্থাপনা সিদ্ধান্ত নিয়েছে যে, যদি নিয়োগ ফি বাড়ানো হয় তাহলে নির্বাচিত প্রার্থী প্রাথমিক সিলেকশন পত্র নেয়ার সময়েই চিন্তা করবেন তিনি এখানে যোগ দিবেন কি দিবেন না। এতে করে প্রকৃত চাকুরি প্রয়োজন এমন ব্যক্তিকে আমরা খোঁজে পাবো।
- উক্ত পরিস্থিতি বিবেচনা করে নিম্নোক্ত তালিকা অনুযায়ী নিয়োগ ফি নেওয়ার জন্য জানানো হলো:

| ক্রমিক নং | পদবি | নিয়োগ ফি |
|-----------|---|-----------|
| ১. | সিডিও/ শাখা হিসাব রক্ষক | ১৫০০/- |
| ২. | শাখা ব্যবস্থাপক/ ফ্রন্ট লাইন অফিসার/মাঠ কর্মকর্তা | ২০০০/- |
| ৩. | এরিয়া ম্যানেজার/ প্রোগ্রাম অফিসার | ৩০০০/- |
| ৪. | আরপিএস/পিএম/পিএস | ৪০০০/- |
| ৫. | সমন্বয়কারী | ৫০০০/- |
| ৬. | প্রধান | ৬০০০/- |
| ৭. | সহকারি পরিচালক | ৭০০০/- |

- প্রাথমিক সিলেকশন চিঠি প্রদান করার সময় প্রার্থীর মূল শিক্ষাগত সনদপত্র জমা রাখা হবে এবং ৬ মাস পরে বা চাকুরিতে স্থায়ী হলে সেগুলো যথারীতি ফেরত দেয়া হবে। সংস্থায় যাদের চাকুরির বয়স এখনও ৬ মাস হয়নি তাদেরকে নিজ নিজ অফিস প্রধানের নিকট আগামী ১৫ জানুয়ারি ২০১৮ এর মধ্যে তাদের শিক্ষাগত যোগ্যতার সনদপত্র জমা দিতে হবে।
- নিয়োগ পরীক্ষার সময় সংস্থা সম্পর্কে আলোচনা করার সময় এ বিষয়গুলোও পরীক্ষার্থীদেরকে জানাতে হবে।
- এটি অন্তিবিবলম্বে কার্যকরী হবে এবং এ বিষয়ে কারো কোন অস্পষ্টতা এবং দ্বিমত থাকলে আগামী ২৫ জানুয়ারি, ২০১৮ তারিখের মধ্যে নিম্ন স্বাক্ষরকারী বরাবর যোগাযোগ করার জন্য বলা হলো। এ সার্কুলারের বিভিন্ন অংশ পরবর্তীতে কোস্ট মানব সম্পদ নীতিমালার অংশ হিসেবে বিবেচিত হবে।

সকলের সার্বিক সহযোগিতা কামনায়।

ধন্যবাদসহ



সনত কুমার ভৌমিক

০৪.০১.১৮

অনুলিপি: নির্বাহী পরিচালক

উপ পরিচালক এবং সহকারী পরিচালকগণ
অফিস ফাইল।